

১২ এপ্রিলের সমাবেশে
যোগ দিন

শিক্ষক সমিতি

৥ স্টাফ রিপোর্টার ॥
বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র
সহ-সভাপতি জনাব লুৎফর রহমান ও
সাধারণ সম্পাদিকা মিসেস হাজেরা বেগম
গতকাল এক বিবৃতিতে আগামী ১২ এপ্রিল
মঙ্গলবার ঢাকার জাতীয় প্রেস ক্লাবের সামনে
অনুষ্ঠিতব্য মহাসমাবেশে যোগদানের জন্য
সকল স্তরের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের
প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন। নেতৃত্ব
বলেন, দাবী আদায়ের মিটিং, মিছিল, সমাবেশ
১১-এর পূঃ ৩-এর কঃ দেখুন

২৩৬

শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর
ও আন্দোলন করা, প্রত্যেক নাগরিকের
সাংবিধানিক ও রাজনৈতিক অধিকার। সুতরাং
উল্লিখিত মহাসমাবেশে যোগদানে শিক্ষক
কর্মচারীদের বিরত রাখার অধিকার কোন
প্রধান শিক্ষক বা বিদ্যালয় কমিটির নেই।
বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির সভাপতি
জনাব এস এম হাবিবুর রহমান এর
সভাপতিত্বে বাংলাদেশ সহকারী শিক্ষক
সমিতির কেন্দ্রীয় কমিটি ও মহানগর কমিটির
এক যৌথ সভা আজিমপুরস্থ কেন্দ্রীয় অফিসে
অনুষ্ঠিত হয়।
সভায় আগামী ১২ এপ্রিল-এর মহাসমাবেশ
ও অবস্থান ধর্মঘটকে সফল ও স্বার্থক করে
তোলার আহ্বান জানানো হয়।
শিক্ষা ভবন ঘেরাও
বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি
পূর্ব ঘোষণা অনুযায়ী সরকারী মাধ্যমিক
বিদ্যালয়ের অস্থায়ী পদসমূহের বিপরীতে
কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন বৃদ্ধির
প্রতিবাদে গতকাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
অধিদপ্তর ঘেরাও করে। ঘেরাওপূর্ব এক
সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির
সভাপতি জনাব মোঃ আবদুর রাজ্জাক।
বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক
জনাব মোঃ নজরুল ইসলাম, কেন্দ্রীয় নেতা
জনাব আবদুল আউয়াল উগ্রা, জনাব মোঃ
শামছুল হক ও জনাব আমিনুল হক।
সমাবেশে বলা হয়, আগামী ৭ দিনের মধ্যে
বেতন প্রদানের স্থায়ী ব্যবস্থা না করলে
আগামী ২০ এপ্রিলে অনুষ্ঠিতব্য জাতীয় প্রেস
ক্লাব চত্বরের সমাবেশ থেকে বৃহত্তর কর্মসূচী
ঘোষণা করা হবে।